ওয়েবসাইটে প্রদর্শনের জন্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পররাষ্ট্র মন্ত্রণালয়

www.mofa.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

১. ভিশন ও মিশন

০২ ফেব্রুয়ারি ২০২৩

ভিশন: আন্তর্জাতিক পরিমণ্ডলে জাতীয় স্বার্থ সংরক্ষণ এবং দেশের ভাবমূর্তি সমুন্নতকরণ।

মিশন: উপযোগিতাভিত্তিক পররাষ্ট্রনীতিকে সামনে রেখে একটি দক্ষ ও পরিমার্জিত কূটনৈতিক সার্ভিস গড়ে তোলার মাধ্যমে বিবর্তনশীল আন্তর্জাতিক প্রেক্ষাপটে উদীয়মান, আত্মবিশ্বাসী এবং দায়িত্বশীল একটি রাষ্ট্র হিসাবে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ এবং বর্ধন।

২. প্রতিশ্রুত নাগরিক সেবাসমূহ

ক্রমিক নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন ও ইমেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১	বোর্ড/বিশ্ববিদ্যালয়/স্কুল/কলেজ/মাদ্রাসা কর্তৃক প্রদত্ত সনদ প্রত্যয়ন	(১) সংশ্লিষ্ট সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক যাচাই ও সত্যায়নপূর্বক শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা কর্তৃক সত্যায়িত এবং শিক্ষা মন্ত্রণালয়ের অধীন মেডিকেল কলেজসমূহ প্রদত্ত মেডিকেল সনদ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সত্যায়িত হতে হবে। (২) GCE/Edexel তথা ব্রিটিশ কাউন্সিল কর্তৃক পরিচালিত বিভিন্ন স্তরের সনদ ব্রিটিশ কাউন্সিল কর্তৃক সত্যায়িত হতে হবে। (৩) স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীন মেডিকেল বিশ্ববিদ্যালয় বা অধিভুক্ত কলেজসমূহ থেকে প্রদত্ত মেডিকেল সনদ এবং ইন্টার্নশিপ পরবর্তী উচ্চতর ডিগ্রি বিষয়ক সমস্ত মেডিকেল সনদ স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা বিভাগ কর্তৃক সত্যায়িত হতে হবে। (৩) বিদেশস্থ শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত শিক্ষা সনদ এবং অন্যান্য ডকুমেন্ট উক্ত দেশের পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সত্যায়নের পর সেদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস অথবা সংশ্লিষ্ট দেশের ঢাকাস্থ দূতাবাস কর্তৃক সত্যায়িত হতে হবে। (৪) প্রত্যেকটি ডকুমেন্টের দুই প্রস্থ করে মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। (৫) মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়নপূর্বক ফেরত প্রদানের সময় ঐ দিন দুপুর ০২:০০-৩ :০০ টা।	জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের অনুলিপি প্রযোজ্য ক্ষেত্রে জন্মসনদের অনুলিপি	বিনামূল্যে	৬ ঘন্টা	মো: তৌফিকুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব (কনস্যুলার) রুম নং-২০১ (কনস্যুলার) ভবন) ফোন: ০২৪৭১২৩৩৮৯ ইমেইল: asconsular2@mofa.gov.bd

২	পারিবারিক সনদসমূহ ও বিবাহসংক্রান্ত অন্যান্য দলিল প্রত্যয়ন	(১) ইউপি চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত পারিবারিক দলিলসমূহ এবং বিবাহসংক্রান্ত দলিলাদি নোটারি পাবলিক ও আইন মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়ন করে প্রত্যেকটি ডকুমেন্টের দুই প্রস্থ করে মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। । (২)মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়নপূর্বক ফেরত প্রদানের সময় ঐ দিন দুপুর ০২:০০-৩ :০০ টা।	জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের অনুলিপি প্রযোজ্য ক্ষেত্রে জন্মসনদের অনুলিপি	বিনামূল্যে	৬ ঘন্টা	
৩	তালাক সনদপত্র প্রত্যয়ন	(১) নির্বাহী ম্যাজিস্ট্রেট/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট কর্তৃক সত্যায়নের পর নোটারি পাবলিক ও আইন মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়ন করে প্রত্যেকটি ডকুমেন্টের দুই প্রস্থ করে মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। (২) মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়নপূর্বক ফেরত প্রদানের সময় ঐ দিন দুপুর ০২:০০-৩ :০০ টা।	জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের অনুলিপি, প্রযোজ্য ক্ষেত্রে জন্মসনদের অনুলিপি	বিনামূল্যে	৬ ঘন্টা	
৪	জন্ম সনদ/মৃত্যু সনদ প্রত্যয়ন	(১) জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ এবং জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা ২০১৮-এর অধীনে BDRIS-এর মাধ্যমে ইস্যুকৃত অনলাইনে যাচাইযোগ্য জন্ম ও মৃত্যু সনদ গ্রহণযোগ্য। উভয় প্রকার সনদ নোটারি পাবলিক ও আইন মন্ত্রণালয় কর্তৃক সত্যায়িত হতে হবে। উল্লেখ্য, কক্সবাজার, টেকনাফ এবং পার্শ্ববর্তী অঞ্চলের জন্ম সনদ জেলা প্রশাসক কর্তৃক সত্যায়িত হওয়া বাধ্যতামূলক। (২) বিদেশে মৃত্যুজনিত ক্ষতিপূরণ দাবি সংক্রান্ত সনদ প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট এবং আইন মন্ত্রণালয় কর্তৃক সত্যায়িত হতে হবে। (৩) প্রত্যেকটি ডকুমেন্টের দুই প্রস্থ করে মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। (৪) মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়নপূর্বক ফেরত প্রদানের সময় ঐ দিন দুপুর ০২:০০-৩ :০০ টা।	জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের অনুলিপি প্রযোজ্য ক্ষেত্রে এস এস সি/ সমমানের পরীক্ষার সনদের অনুলিপি	বিনামূল্যে	৬ ঘন্টা	মো: তৌফিকুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব (কনস্যুলার) রুম নং-২০১ (কনস্যুলার) ভবন) ফোন: ০২৪৭১২৩৩৮৯ ইমেইল: asconsular2@mofa.gov.bd
৫	অবিবাহিত সনদপত্র প্রত্যয়ন	(১) সংশ্লিষ্ট জেলা প্রশাসক কার্যালয় থেকে প্রদত্ত অবিবাহিত সনদপত্রের প্রত্যেকটি ডকুমেন্টের দুই প্রস্থ করে মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। (২) মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়নপূর্বক ফেরত প্রদানের সময় ঐ দিন দুপুর ০২:০০-৩ :০০ টা।	জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের অনুলিপি, প্রযোজ্যক্ষেত্রে জন্মসনদের অনুলিপি	বিনামূল্যে	৬ ঘন্টা	
৬	অভিভাবক সনদপত্র প্রত্যয়ন	(১) সংশ্লিষ্ট জেলা প্রশাসক কার্যালয় কর্তৃক প্রদত্ত অভিভাবক সনদপত্র, পারিবারিক আদালতের রায়ের কপি (প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট কর্তৃক সত্যায়িত) নোটারি পাবলিক ও আইন মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়ন করে প্রত্যেকটি ডকুমেন্টের দুই প্রস্থ করে মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। (২) মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়নপূর্বক ফেরত প্রদানের সময় ঐ দিন দুপুর ০২:০০-৩ :০০ টা।	জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের অনুলিপি প্রযোজ্য ক্ষেত্রে জন্মসনদের অনুলিপি	বিনামূল্যে	৬ ঘন্টা	

৭	পুলিশ ক্লিয়ারেন্স প্রত্যয়ন	(১) সংশ্লিষ্ট পুলিশ সুপারিন্টেনডেন্ট প্রত্যয়নপত্র স্বাক্ষর করে একটি অধিপ্রেরণ পত্রের মাধ্যমে পররাষ্ট্র সচিব বরাবর প্রেরণ করবেন। (২) পররাষ্ট্র মন্ত্রণালয় উক্ত প্রত্যয়ন পত্রের সিল ও স্বাক্ষর প্রতিস্বাক্ষরিত করবে। (৩)পরবর্তীতে পররাষ্ট্র মন্ত্রণালয় তা স্ব স্ব জেলা পুলিশ সুপারিন্টেনডেন্ট কার্যালয়ে প্রেরণ করে থাকে ।	জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের অনুলিপি	বিনামূল্যে	৬ ঘন্টা	
৮	বিমা ও বাণিজ্যিক সনদপত্র প্রত্যয়ন (এল সি, ট্রেড লাইসেন্স, সার্টিফিকেট অফ ইনকরপোরেশন এবং অডিট রিপোর্ট)	(১) বিমা ও বাণিজ্যিক সনদপত্র স্থানীয় চেম্বার অব কমার্স, প্রযোজ্য, ক্ষেত্রে জয়েন্ট স্টক কোম্পানির রেজিস্ট্রার, ট্রেডমার্ক রেজিস্ট্রার অথবা সংশ্লিষ্ট বিমা অফিস ও বাণিজ্য মন্ত্রণালয় থেকে সত্যায়ন করবেন। (২) পরবর্তীতে নোটারি পাবলিক কর্তৃক প্রত্যয়ন করে প্রত্যেকটি ডকুমেন্টের দুই প্রস্থ করে মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। (২) মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়নপূর্বক ফেরত প্রদানের সময় ঐ দিন দুপুর ০২:০০-৩ :০০ টা।	জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের অনুলিপি প্রযোজ্য ক্ষেত্রে জন্মসনদের অনুলিপি	বিনামূল্যে	৬ ঘন্টা	
৯	ব্যাংক বিবরণী/সনদপত্র প্রত্যয়ন	(১) ব্যাংক বিবরণী বা সনদপত্র অর্থ মন্ত্রণালয় ও অনুমোদিত নোটারি পাবলিক কর্তৃক প্রত্যয়নের পর প্রত্যেকটি ডকুমেন্টের দুই প্রস্থ করে মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। (২) মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়নপূর্বক ফেরত প্রদানের সময় ঐ দিন দুপুর ০২:০০-৩ :০০ টা।	জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের অনুলিপি, প্রযোজ্য ক্ষেত্রে জন্মসনদের অনুলিপি	বিনামূল্যে	৬ ঘন্টা	মো: তৌফিকুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব (কনস্যুলার) রুম নং-২০১ (কনস্যুলার) ভবন) ফোন: ০২৪৭১২৩৩৮৯ ইমেইল: asconsular2@mofa.gov.bd
১০	অনুদিত সনদ প্রত্যয়ন	(১) যে কোনো অনুবাদ প্রত্যয়নের জন্য মূল সনদপত্র ও এর অনুবাদ অভিন্ন অনুমোদিত নোটারি পাবলিক ও আইন মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়ন করে প্রত্যেকটি ডকুমেন্টের দুই প্রস্থ করে মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৯ ৮.০০-১২:০০ টা। (২) মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়নপূর্বক ফেরত প্রদানের সময় ঐ দিন দুপুর ০২:০০-৩ :০০ টা। উল্লেখ্য, উভয় সনদপত্রের ওপর সংশ্লিষ্ট অনুবাদ প্রতিষ্ঠান ও অনুবাদকের সিল ও স্বাক্ষর থাকা আবশ্যক এবং আরবি অনুবাদের ক্ষেত্রে তা ইসলামি ফাউন্ডেশন কর্তৃক অনুদিত হওয়া আবশ্যক। অন্যান্য অনুবাদের ক্ষেত্রে অনুবাদ প্রতিষ্ঠান সরকার কর্তৃক অনুমোদিত হওয়া বাধ্যতামূলক।	জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের অনুলিপি প্রযোজ্য ক্ষেত্রে জন্মসনদের অনুলিপি	বিনামূল্যে	৬ ঘন্টা	
১১	মেডিক্যাল সার্টিফিকেট প্রত্যয়ন	(১) যে কোনো মেডিক্যাল সংক্রান্ত সার্টিফিকেট সিভিল সার্জন / স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক সত্যায়নের পরে নোটারি পাবলিক ও আইন মন্ত্রণালয় কর্তৃক সত্যায়ন করে প্রত্যেকটি ডকুমেন্টের দুই প্রস্থ করে মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। (২) মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়নপূর্বক ফেরত প্রদানের সময় ঐ দিন দুপুর ০২:০০-৩ :০০ টা।	জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের অনুলিপি প্রযোজ্য ক্ষেত্রে জন্মসনদের অনুলিপি	বিনামূল্যে	৬ ঘন্টা	মো: তৌফিকুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব (কনস্যুলার) রুম নং-২০১ (কনস্যুলার) ভবন) ফোন: ০২৪৭১২৩৩৮৯ ইমেইল: asconsular2@mofa.gov.bd

১২	সাধারণ ডায়েরি (GD) প্রত্যয়ন	(১) সাধারণ ডায়েরি নম্বর সম্বলিত কাগজ সংশ্লিষ্ট থানা হতে যাচাইপূর্বক নোটারি পাবলিক ও স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সত্যায়ন করে প্রত্যেকটি ডকুমেন্টের দুই প্রস্থ করে মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। (২) মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়নপূর্বক ফেরত প্রদানের সময় ঐ দিন দুপুর ০২:০০-৩ :০০ টা।	জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের অনুলিপি প্রযোজ্য ক্ষেত্রে জন্মসনদের অনুলিপি	বিনামূল্যে	৬ ঘন্টা	
১৩	ড্রাইভিং লাইসেন্স প্রত্যয়ন	(১) শুধু ডিজিটাল ড্রাইভিং লাইসেন্সের ফটোকপি নোটারি পাবলিক ও বিআরটিএ কর্তৃক সত্যায়ন করে প্রত্যেকটি ডকুমেন্টের দুই প্রস্থ করে মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। (২) মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়নপূর্বক ফেরত প্রদানের সময় ঐ দিন দুপুর ০২:০০-৩ :০০ টা।	জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের অনুলিপি প্রযোজ্য ক্ষেত্রে জন্মসনদের অনুলিপি	বিনামূল্যে	৬ ঘন্টা	
১৪	পাসপোর্ট কপি প্রত্যয়ন	(১) আইন মন্ত্রণালয় কর্তৃক সত্যায়ন করে প্রত্যেকটি ডকুমেন্টের দুই প্রস্থ করে মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। (২) মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়নপূর্বক ফেরত প্রদানের সময় ঐ দিন দুপুর ০২:০০-৩ :০০ টা।	জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের অনুলিপি প্রযোজ্য ক্ষেত্রে জন্মসনদের অনুলিপি	বিনামূল্যে	৬ ঘন্টা	
১৫	সম্পত্তির হিসাব, মাসিক/বাৎসরিক আয়ের হিসাব প্রত্যয়ন	(১) নোটারি পাবলিক ও জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সত্যায়ন করে প্রত্যেকটি ডকুমেন্টের দুই প্রস্থ করে মন্ত্রণালয়ে জমাদানের সময় ৮.০০-১২:০০ টা। (২) মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়নপূর্বক ফেরত প্রদানের সময় ঐ দিন দুপুর ০২:০০-৩ :০০ টা।	জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের অনুলিপি প্রযোজ্য ক্ষেত্রে জন্মসনদের অনুলিপি	বিনামূল্যে	৬ ঘন্টা	
১৬	বিনিয়োগ সংক্রান্ত দলিল প্রত্যয়ন	(১) জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান কর্তৃক দেশে যে কোনো বিনিয়োগ সংক্রান্ত দলিল নোটারি পাবলিক ও জাতীয় বিনিয়োগ বোর্ড কর্তৃক সত্যায়ন করে প্রত্যেকটি ডকুমেন্টের দুই প্রস্থ করে মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। (২) মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়নপূর্বক ফেরত প্রদানের সময় ঐ দিন দুপুর ০২:০০-৩ :০০ টা।	জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের অনুলিপি প্রযোজ্য ক্ষেত্রে জন্মসনদের অনুলিপি	বিনামূল্যে	৬ ঘন্টা	
১৭	হজ/ ওমরাহ সনদপত্র প্রত্যয়ন	(১) হজ/ওমরাহ পালনকারী বাংলাদেশি এজেন্সিসমূহের প্রয়োজনীয় ডকুমেন্ট/ট্রাভেল এজেন্সির ডকুমেন্ট নোটারি পাবলিক ও ধর্ম মন্ত্রণালয় কর্তৃক সত্যায়নের পর প্রত্যেকটি ডকুমেন্টের দুই প্রস্থ করে মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। (২) মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়নপূর্বক ফেরত প্রদানের সময় ঐ দিন দুপুর ০২:০০-৩ :০০ টা।	জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের অনুলিপি প্রযোজ্য ক্ষেত্রে জন্মসনদের অনুলিপি	বিনামূল্যে	৬ ঘন্টা	

১৮	জনশক্তি বিষয়ক এজেন্সির দলিলাদি প্রত্যয়ন	(১) জনশক্তি বিষয়ক এজেন্সিসমূহের ডকুমেন্ট এবং বিদেশ গমনেচ্ছু ব্যক্তিদের ছাড়পত্র জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো/প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়, নোটারি পাবলিক ও আইন মন্ত্রণালয় কর্তৃক সত্যায়ন করতে হবে। (২) বাংলাদেশ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কর্তৃক পরিচালিত অথবা অন্য যে কোনো প্রতিষ্ঠান হতে প্রাপ্ত সনদ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তর হতে সত্যায়নের পর নোটারি পাবলিক ও আইন মন্ত্রণালয়ের সত্যায়নের পর প্রত্যেকটি ডকুমেন্টের দুই প্রস্থ করে মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। (৩) মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়নপূর্বক ফেরত প্রদানের সময় ঐ দিন দুপুর ০২:০০-৩ :০০ টা।	জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের অনুলিপি প্রযোজ্য ক্ষেত্রে জন্মসনদের অনুলিপি	বিনামূল্যে	৬ ঘন্টা	
১৯	এফিডেভিট প্রত্যয়ন	(১) নিজের নাম, পিতা/মাতা, স্বামী/স্ত্রীর নাম, জন্মতারিখ, বর্তমান/স্থায়ী ঠিকানা পরিবর্তন সংক্রান্ত এফিডেভিট সত্যায়ন অবশ্যই স্ট্যাম্পের উপর নোটারি পাবলিক ও প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট-এর সম্মুখে হাজির হয়ে স্বাক্ষর করার পর আইন মন্ত্রণালয় হতে সত্যায়ন করে প্রত্যেকটি ডকুমেন্টের দুই প্রস্থ করে মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। (২) মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়নপূর্বক ফেরত প্রদানের সময় পরবর্তী দিন দুপুর ০২:০০-৩ :০০ টা।	সংশিষ্ট ব্যক্তির নতুন/পুরাতন পাসপোর্ট, জন্মসনদ, এসএসসি/সমমানের সনদ ইত্যাদির মূল কপি প্রদর্শনপূর্বক ফটোকপি	বিনামূল্যে	১ কার্যদিবস	মো: তৌফিকুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব (কনস্যুলার) রুম নং-২০১ (কনস্যুলার) ভবন) ফোন: ০২৪৭১২৩৩৮৯ ইমেইল: asconsular2@mofa.gov.bd
২০	স্থানীয় আমমোক্তারনামা/ চুক্তিনামা প্রত্যয়ন	(১) অবশ্যই স্ট্যাম্পের উপর নোটারি পাবলিক অথবা প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট-এর সম্মুখে হাজির হয়ে উক্ত ডকুমেন্টে দাতা ও গ্রহীতা উভয়ে স্বাক্ষর করার পর আইন মন্ত্রণালয় কর্তৃক সত্যায়িত হতে হবে। উল্লেখ্য, কোনো অবস্থাতেই অসম্পূর্ণ ডকুমেন্ট গ্রহণ করা হয় না। প্রত্যেকটি ডকুমেন্টের দুই প্রস্থ করে মন্ত্রনালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। (২) মন্ত্রণালয় কর্তৃক পুঙ্খানুপুঙ্খ যাচাই বাছাই করে পরবর্তী কার্যদিবসের মধ্যে প্রত্যয়ন করে ফেরত প্রদান করা হয়।	ডকুমেন্টের বর্ণনা মোতাবেক সংশিষ্ট কাগজাদির অনুলিপি	বিনামূল্যে	১ কার্যদিবস	
২১	ওয়ারিশ/ উত্তরাধিকার/সাকসেশন সনদ প্রত্যয়ন	(১) প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট কর্তৃক সত্যায়নের পর নোটারি পাবলিক ও আইন মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়ন করে দুই প্রস্থ ডকুমেন্ট মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। (২) মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়নপূর্বক ফেরত প্রদানের সময় ঐ দিন দুপুর :০২:০০-৩ :০০ টা।	জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের অনুলিপি প্রযোজ্য ক্ষেত্রে জন্মসনদের অনুলিপি	বিনামূল্যে	৬ ঘন্টা	
২২	চারিত্রিক সনদ/জাতীয়তা সনদ/অভিজ্ঞতা /জাতীয় আইডি কার্ড/ সনদ/ডিক্লারেশন ইত্যাদি প্রত্যয়ন	(১) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা সিটি কর্পোরেশন হতে প্রদত্ত সনদ কিংবা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে প্রদত্ত সনদ নোটারি পাবলিক ও আইন মন্ত্রণালয় হতে সত্যায়নের পর প্রত্যেকটি ডকুমেন্টের দুই প্রস্থ করে মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। (২) মন্ত্রণালয় কর্তৃক প্রতয়নপূর্বক ফেরত প্রদানের সময় ঐদিন দুপুর ০২:০০-৩ :০০ টা।	জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের অনুলিপি প্রযোজ্য ক্ষেত্রে জন্মসনদের অনুলিপি	বিনামূল্যে	৬ ঘন্টা	

২৩	এতিমখানা কাম মাদ্রাসা ইত্যাদির রেজিস্ট্রেশন সনদ প্রত্যয়ন	(১) সংশ্লিষ্ট এতিমখানা কাম মাদ্রাসা হতে সত্যায়নের পর নোটারি পাবলিকসহ সমাজকল্যাণ মন্ত্রণালয় হতে প্রত্যয়নপূর্বক প্রত্যেকটি ডকুমেন্টের দুই প্রস্থ করে মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। (২) মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়নপূর্বক ফেরত প্রদানের সময় ঐদিন দুপুর ০২:০০-৩ :০০ টা।	(ক) সংশ্লিষ্ট এতিমখানা কাম মাদ্রাসা, নোটারি পাবলিক এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় হতে প্রত্যয়নপূর্বক ডকুমেন্টের দুই প্রস্থ করে মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। (খ) প্রতয়নপূর্বক ফেরত প্রদানের সময় ঐদিন দুপুর : ০২:০০-৩ :০০ টা।	বিনামূল্যে	৬ ঘন্টা	
২৪	ব্যংকিং অথবা বিবিধ আর্থিক প্রতিষ্ঠানের অঙ্গ প্রতিষ্ঠান/ইনস্টিটিউট কর্তৃক প্রদত্ত সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্স সমাপনী সনদ প্রত্যয়ন	(১) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সত্যায়নের পর নোটারি পাবলিক ও অর্থ মন্ত্রণালয় হতে প্রত্যয়নপূর্বক প্রত্যেকটি ডকুমেন্টের দুই প্রস্থ করে মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। (২) মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়নপূর্বক ফেরত প্রদানের সময় ঐদিন দুপুর ০২:০০-৩ :০০ টা।	জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের অনুলিপি প্রযোজ্য ক্ষেত্রে জন্মসনদের অনুলিপি	বিনামূল্যে	৬ ঘন্টা	
২৫	আমমোক্তারনামা প্রত্যয়ন	(১) বিদেশ থেকে প্রেরিত আমমোক্তারনামা সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস/মিশন কর্তৃক সত্যায়ন করে অনুলিপিসহ দাতা ও গ্রহীতা উভয়ের হালনাগাদ বাংলাদেশ পাসপোর্টের কপি, সংশ্লিষ্ট দেশের রেসিডেন্স কার্ড/ ভিসার কপিসহ জমা দিতে হয়। সংশ্লিষ্ট ব্যক্তি অথবা যথাযথভাবে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক প্রত্যেকটি ডকুমেন্টের দুই প্রস্থ করে মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। [উল্লেখ্য, অসম্পূর্ণ আম-মোক্তারনামা যথা- আম মোক্তারনামায় পাসপোর্ট নম্বর, বর্তমান ঠিকানা, সাক্ষীগণের স্বাক্ষর, ছবি ইত্যাদি যুক্ত/বর্ণিত না থাকলে কোনো অবস্থাতেই তা গ্রহণ করা হবে না।] (২) সংশ্লিষ্ট দূতাবাস থেকে নিশ্চিতকরণ/যাচাইকরণ সম্পন্ন করার পর-ই কেবল প্রত্যয়ন করা হয়।	জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের অনুলিপি প্রযোজ্য ক্ষেত্রে জন্মসনদের অনুলিপি	বিনামূল্যে	৫ কার্যদিবস	মো: আনিসুল ইসলাম সহকারী সচিব (কনস্যুলার ও এম আর পি) রুম নং-৬০৭, আনক্সস ভবন ফোন: ০২২২৩৩৫৪০৫৫ ইমেইল: verifypoa@mofa.gov.bd

২৬	কূটনৈতিক পত্র বা নোট ভারবাল (NOTE VERBALE)	(১) সরকারি কর্মকর্তাদের বিদেশ গমনের সরকারি আদেশ ও পাসপোর্টের কপি পাওয়ার প্রেক্ষিতে সংশ্লিষ্ট দূতাবাস হতে ভিসা প্রাপ্তি সহজিকরণের লক্ষ্যে কূটনৈতিক পত্র বা নোট ভারবাল (NOTE VERBAL) প্রদান করা হয়। (২) প্রত্যেক ডকুমেন্ট মন্ত্রণালয়ে (মেইন বিল্ডিং, ৩১৪ নং কক্ষ) জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত নোট ভারবাল প্রদান করা হয় একই দিন দুপুর : ০২:০০-৩ :০০ টা। প্রযোজ্য ক্ষেত্রে, পরবর্তী কার্যদিবসে দুপুর ০২:০০-৩ :০০ টা।	সরকারি আদেশ ও পাসপোর্টের ফটোকপি	বিনামূল্যে	২ কার্যদিবস	খাদীজা আক্তার সিনিয়র সহকারী সচিব (কনস্যুলার) রুম নং-২০৩, কনস্যুলার ভবন ফোন: +৮৮০২-৭১১০৬৪৫ ইমেইল: asconsular1@mofa.gov.bd
২৭	পরিচিতি পত্র (Letter of Introduction)	(২) সরকারি কর্মকর্তা অফিসিয়াল কাজ ছাড়া অন্যান্য প্রয়োজনে বিদেশ গমনের ক্ষেত্রে সংশ্লিষ্ট দূতাবাস হতে ভিসা প্রাপ্তি সহজিকরণের লক্ষ্যে পরিচিতি পত্র (Letter of Introduction) বা LoI প্রদান করা হয়। তাছাড়া, বাংলাদেশি বিশেষ নাগরিকদের বিশেষ প্রয়োজনে সংশ্লিষ্ট দূতাবাসের শর্ত পূরণের বাধ্যবাধকতা বা ভিসা প্রাপ্তির সহজিকরণের লক্ষ্যে এ সেবা প্রদান করা হয়। এ সেবা পাওয়ার জন্য বৈধ পাসপোর্ট-এর কপিসহ উক্ত ভ্রমণের যৌক্তিকতা ব্যাখ্যাসহ মন্ত্রণালয়ের মহাপরিচালক (কনস্যুলার ও কল্যাণ) বরাবর একটি আবেদনপত্র জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। প্রযোজ্য ক্ষেত্রে, মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পরিচিতি পত্র প্রদান করা হয় একই দিন দুপুর ০২:০০-৩:০০ টা। প্রযোজ্য ক্ষেত্রে, ৩ কার্যদিবস পর। উল্লেখ্য, কূটনৈতিক পত্র (NOTE VERBALE) ও পরিচিতি পত্র (Letter of Introduction) শুধু সাময়িক বিদেশ গমনের জন্য দেওয়া হয়ে থাকে। অন্য কোনো ভিসা যেমন- Student Visa, Immigration Visa বা Working Visa-র ক্ষেত্রে এই সেবা প্রযোজ্য নয়।	আবেদনপত্র ও পাসপোর্টের ফটোকপি	বিনামূল্যে	৬ ঘন্টা/ প্রযোজ্য ক্ষেত্রে ন্যূনতম ৩ কার্যদিবস	
২৮	প্রবাসে আটক বাংলাদেশিদের দেশে প্রত্যাবাসন	প্রবাসে কোনো বাংলাদেশি আটক হলে বা কারাদন্ড হলে এবং তার আত্মীয়-স্বজন পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগে আটক ব্যক্তির সঠিক ও বিশদ পরিচয় বিবরণী (নাম, ঠিকানা, পাসপোর্ট নম্বর, আটকের স্থান ও সম্ভাব্য টেলিফোন নম্বর ইত্যাদি) উল্লেখপূর্বক আবেদনকারীর পূর্ণ ঠিকানাসহ মহাপরিচালক (কন্স্যুলার ও কল্যাণ) বরাবর আবেদন করলে, পররাষ্ট্র মন্ত্রণালয় স্বল্পতম সময়ে সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করে।	১) নির্ধারিত ফরমে আবেদনপত্র (সংযুক্তি-ক) ২) আটক ব্যক্তির পাসপোর্ট/পরিচয়পত্র ৩) আবেদনকারীর নাম, ঠিকানা ও টেলিফোন নম্বর	বিনামূল্যে	৫ কার্যদিবস	তৈয়ব আহমেদ আনোয়ার সহকারী সচিব (কল্যাণ) রুম নং - ৩০৪ (ক্যান্টিন ভবন) ফোন: ০২২২৩৩৮২৯২৩ ইমেইল: aswelfare@mofa.gov.bd

২৯	চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণকৃত প্রবাসী বাংলাদেশিদের ক্ষতিপূরণ আদায়ে সহায়তা	প্রবাসী বাংলাদেশিরা চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণ করলে চাকুরির শর্তানুযায়ী তাঁদের ক্ষতিপূরণ আদায়ে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ও সংশ্লিষ্ট বাংলাদেশ দুতাবাসের সহযোগিতায় পররাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকে। এক্ষেত্রে, মৃত ব্যক্তির বৈধ উত্তরাধিকারিগণ নিয়োগকারী বিদেশস্থ ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, মৃত্যুর স্থান, তারিখ এবং মৃত্যুর কারণ উল্লেখপূর্বক আবেদনকারীর পূর্ণ ঠিকানাসহ মহাপরিচালক (কন্স্যুলার ও কল্যাণ) বরাবর আবেদনের ভিত্তিতে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো আদায়কৃত ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা নেয়।	১) সাদা কাগজে আবেদনপত্র ২) মৃত ব্যক্তির পাসপোর্ট/পরিচয়পত্র ৩) বৈধ উত্তরাধিকার সংক্রান্ত সনদ ৪) চাকুরির নিয়োগপত্র/চুক্তিপত্র	বিনামূল্যে	৫ কার্যদিবস	তৈয়ব আহমেদ আনোয়ার সহকারী সচিব (কল্যাণ) রুম নং - ৩০৪ (ক্যান্টিন ভবন) ফোন: ০২২২৩৩৮২৯২৩ ইমেইল: aswelfare@mofa.gov.bd
৩০	প্রবাসে অবস্থানরত আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত বা পঙ্গুত্ববরণকারী বাংলাদেশিদের ক্ষতিপূরণ আদায়ে সহায়তা	আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ বা পঙ্গুত্ববরণকারী প্রবাসী বাংলাদেশিদের চাকুরির শর্তানুযায়ী ক্ষতিপূরণ আদায়ে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ও সংশ্লিষ্ট বাংলাদেশ দুতাবাসের সহযোগিতায় পররাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকে। এক্ষেত্রে ক্ষতিগ্রস্ত বা পঙ্গুত্ববরণকারী ব্যক্তি নিয়োগকারী বিদেশস্থ ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা উল্লেখপূর্বক মহাপরিচালক (কন্স্যুলার ও কল্যাণ) বরাবর আবেদনের ভিত্তিতে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো আদায়কৃত ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা নেয়।	১) সাদা কাগজে আবেদনপত্র ২) আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত বা পঙ্গুত্ববরণকারী ব্যক্তির পাসপোর্ট/পরিচয়পত্র ৩) চাকুরির নিয়োগপত্র/চুক্তিপত্র	বিনামূল্যে	৫ কার্যদিবস	
৩১	প্রবাসে মৃত্যুবরণকৃত বাংলাদেশিদের লাশ দেশে ফিরিয়ে আনা	প্রবাসে কোন বাংলাদেশী মৃত্যুবরণ করলে তার লাশ দেশে ফিরিয়ে আনা অথবা নিকটাত্মীয় বা বৈধ অভিভাবকের অভিপ্রায় অনুযায়ী প্রবাসে তার লাশ সৎকার/দাফনের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং জনশক্তি, কর্মসংস্থান এবং প্রশিক্ষণ ব্যুরোর সাথে সমন্বয়পূর্বক পররাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকে। এক্ষেত্রে মৃত ব্যক্তির বৈধ উত্তরাধিকারিগণ নিয়োগকারী বিদেশস্থ ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, মৃত্যুর স্থান, তারিখ এবং মৃত্যুর কারণ উল্লেখপূর্বক আবেদনকারীর পূর্ণ ঠিকানাসহ মহাপরিচালক (কন্স্যুলার ও কল্যাণ) বরাবর আবেদনের ভিত্তিতে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো আদায়কৃত ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা নেয়।	১) নির্ধারিত ফরমে আবেদনপত্র (সংযুক্তি-খ) ২) বাংলাদেশি নাগরিকত্ব প্রমাণের সনদপত্র ৩) পাসপোর্ট (প্রথম পাঁচ পাতা)/ট্রাভেল পারমিট-এর অনুলিপি ৪) চাকুরির নিয়োগপত্র/চুক্তিপত্র	বিনামূল্যে	৫ কার্যদিবস	

৩২	প্রবাসে অবস্থানরত বাংলাদেশিদের জরুরি অবস্থায় সহায়তা	প্রবাসী ব্যক্তিগণ সংশ্লিষ্ট দেশে বসবাসরত অবস্থায় হঠাৎ কোন জরুরী বা দূর্যোগপূর্ণ অবস্থার শিকার হলে (যেমন: প্রাকৃতিক বা অন্য কোনো দুর্যোগ আক্রান্ত প্রবাসীদের এক স্থান থেকে অন্য নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া) বাংলাদেশে অবস্থিত প্রবাসী ব্যক্তির আত্মীয়-স্বজনের কাছ থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে পররাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় সহায়তা প্রদান করে । এক্ষেত্রে, প্রবাসে বসবাসরত ব্যক্তির আত্মীয়-স্বজন প্রবাসী ব্যক্তির পরিচয় উল্লেখপূর্বক আবেদনকারীর পূর্ণ ঠিকানাসহ মহাপরিচালক (কন্স্যুলার ও কল্যাণ) বরাবর আবেদনের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়। প্রবাসে হারিয়ে যাওয়া কোনো ব্যক্তির সন্ধান লাভের জন্যও পররাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট দেশে বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে সহায়তা প্রদান করে।	১) বাংলাদেশি নাগরিকত্ব প্রমাণের সনদপত্র	বিনামূল্যে	৫ কার্যদিবস	
৩৩	বাংলাদেশের মৎস্যজীবীরা ভুলক্রমে ভারতের জলসীমা অতিক্রম করে ধরা পড়লে তাদেরকে দেশে ফিরিয়ে আনা	বাংলাদেশের মৎস্যজীবীরা মৎস্য শিকারের সময় ভুলক্রমে ভারতের জলসীমায় প্রবেশ করে ভারতের সংশ্লিষ্ট নিরাপত্তা বাহিনী কর্তৃক আটক হলে বিভিন্ন সূত্র মারফত এ ধরনের তথ্যাদি প্রাপ্তির সঙ্গে সঙ্গেই ভারতীয় বাংলাদেশ দূতাবাস সমূহের মাধ্যমে ঐ সকল মৎস্যজীবীকে দেশে প্রত্যাবর্তনের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক নাগরিকত্ব যাচাই সাপেক্ষে আটককৃত মৎস্যজীবীদের ফিরিয়ে আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।	বাংলাদেশ সরকার কর্তৃক ইস্যুকৃত মৎস্য ট্রলারের লাইসেন্স, মৎস্যজীবীদের সার্টিফিকেট, জাতীয় পরিচয়পত্র ইত্যাদি।	বিনামূল্যে	স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের উত্তর প্রাপ্তি সাপেক্ষে ৩ কার্যদিবস	নুসরাত জাহান সহকারী সচিব (দক্ষিন এশিয়া-১) ফোন: +৮৮ ০২ ৭১১০৬৪৮ ইমেইল: assa1@mofa.gov.bd
৩৪	বিদেশ ভ্রমণের অ্যাডভাইজরি	কোনো নির্দিষ্ট দেশের নিরাপত্তা পরিস্থিতি উদ্বেগজনক হলে বাংলাদেশি নাগরিকদের ভ্রমণের বিষয়ে সরকারের সিদ্ধান্ত সংক্রান্ত প্রেস রিলিজ বিভিন্ন সংবাদমাধ্যমে জনগণের কাছে পৌঁছে দেয়।	সংশ্লিষ্ট দেশে বাংলাদেশ মিশন কর্তৃক প্রেরিত পত্র	বিনামূল্যে	১ কার্যদিবস	মোঃ সাকিবুর রহমান ভূঁইয়া সহকারী সচিব (জন কূটনীতি) রুম নং ২১২ (এনেক্স ভবন) ফোনঃ +৮৮ ০২ ৯৫৫৩৩০৪ ইমেইলঃ asep1@mofa.gov.bd
৩৫	কিডনি/লিভার প্রতিস্থাপনের জন্য অনাপত্তিপত্র সত্যায়ন	কিডনি দাতা ও গ্রহীতার এফিডেভিট সত্যায়ন অবশ্যই স্ট্যাম্পের উপর নোটারি পাবলিক ও প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট এর সম্মুখে হাজির হয়ে কিডনি দাতা ও গ্রহীতা উভয়ে স্বাক্ষর করার পর সিভিল সার্জন ও আইন মন্ত্রণালয় কর্তৃক সত্যায়ন করে প্রত্যেকটি ডকুমেন্টের দুই প্রস্থ করে মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা।	১) জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের অনুলিপি প্রযোজ্য ক্ষেত্রে জন্মসনদের অনুলিপি। ২) মেডিক্যাল ডকুমেন্ট, কিডনি দাতা ও গ্রহীতার স্বামী/স্ত্রী-এর অনাপত্তি পত্র বা বৈধ অভিভাবক প্রযোজ্য।	বিনামূল্যে	৬ ঘণ্টা	মো: তৌফিকুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব (কনস্যুলার) রুম নং-২০১ (কনস্যুলার) ভবন) ফোন: ০২৪৭১২৩৩৮৯ ইমেইল: asconsular2@mofa.gov.bd

৩৬	ভূমিহীন সার্টিফিকেট প্রত্যয়ন	(১) সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক সত্যয়নের পর নোটারি পাবলিক ও আইন মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়ন করে দুই প্রস্থ ডকুমেন্ট মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। (২) মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়নপূর্বক ফেরত প্রদানের সময় ঐ দিন দুপুর ০২:০০-৩:০০ টা।	জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের অনুলিপি প্রযোজ্য ক্ষেত্রে জন্মসনদের অনুলিপি	বিনামূল্যে	৬ ঘণ্টা	মো: তৌফিকুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব (কনস্যুলার) রুম নং-২০১ (কনস্যুলার) ভবন) ফোন: ০২৪৭১২৩৩৮৯ ইমেইল: asconsular2@mofa.gov.bd
৩৭	End User Certificate	(১) DGDP কর্তৃক প্রদত্ত সনদে আর্মড ফোর্সেস ডিভিশন/প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রতিস্বাক্ষরিত হয়ে পররাষ্ট্র সচিব (মহাপরিচালক (কন্স্যুলার অ্যান্ড ওয়েলফেয়ারকে দৃষ্টি আকর্ষণ করাসহ) বরাবর প্রেরিত হলে স্বাক্ষর করা যাবে।	মহাপরিচালক DGDP-এর অগ্রায়ণপত্র	বিনামূল্যে	৬ ঘণ্টা	মো: তৌফিকুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব (কনস্যুলার) রুম নং-২০১ (কনস্যুলার) ভবন) ফোন: ০২৪৭১২৩৩৮৯ ইমেইল: asconsular2@mofa.gov.bd
৩৮	দেশে বিদেশি জনশক্তি নিয়োগ	(১) নিয়োগপত্র বা এ সংক্রান্ত কাগজপত্র BIDA, BEPZA এবং NBR কর্তৃক সত্যায়িত হলে দুই প্রস্থ ডকুমেন্ট মন্ত্রণালয়ে জমাদানের সময় সকাল ৮.০০-১২:০০ টা। (২) মন্ত্রণালয় কর্তৃক প্রত্যয়নপূর্বক ফেরত প্রদানের সময় ঐ দিন দুপুর ০২:০০-৩:০০ টা।	প্রতিষ্ঠানের লাইসেন্স/ আপডেট কর সনদের অনুলিপি	বিনামূল্যে	৬ ঘণ্টা	মো: তৌফিকুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব (কনস্যুলার) রুম নং-২০১ (কনস্যুলার) ভবন) ফোন: ০২৪৭১২৩৩৮৯ ইমেইল: asconsular2@mofa.gov.bd

৩) আপনার কাছে আমাদের প্রত্যাশা

ক্রমিক	**প্রতিশ্রুত/কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয়**
১	স্বয়ংসম্পূর্ণ আবেদন জমা প্রদান
২	সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকা
৩	সুশৃংখলভাবে লাইনে দাড়িয়ে পর্যায়ক্রমে সেবা গ্রহণ

৪) অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS)

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করুন। তার কাছ থেকে সমাধান পাওয়া না গেলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে আপনার সমস্যা অবহিত করুন।

ক্রমিক	কখন যোগাযোগ করবেন	কার সঙ্গে যোগাযোগ করবেন	যোগাযোগের ঠিকানা	নিষ্পত্তির সময়সীমা
১	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে না পারলে	অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা	মোঃ মনোয়ার মোকাররম পরিচালক (কন্স্যুলার ও এম আর পি) ফোন: ০১৭৬৭১৬৯৭৯৩ ইমেইল: consularqueries@mofa.gov.bd ওয়েব: www.grs.gov.bd	৩০ কার্যদিবস
২	অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে	আপিল কর্মকর্তা	মিজ্ ওয়াহিদা আহমেদ মহাপরিচালক (আন্তর্জাতিক সংস্থা) ফোন: +৮৮ ০২ ৯৫৬৯৩২২ ইমেইল: dgio@mofa.gov.bd ওয়েব: www.grs.gov.bd	২০ কার্যদিবস
৩	আপিল কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে	মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেল	অভিযোগ গ্রহণ কেন্দ্র ৫ নং গেইট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ওয়েব: www.grs.gov.bd	৬০ কার্যদিবস

তারিখঃ ..../............/.............

বরাবর,
মহাপরিচালক (কনস্যুলার এন্ড ওয়েলফেয়ার)
পররাষ্ট্র মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

বিষয়ঃ .... হতে গৃহকর্মী/জেলে বন্দি/অসুস্থ .... কে দেশে ফেরত আনার জন্য আবেদন।

স্যার,
বিনীত নিবেদন এই যে, আমার নামঃ...................., পাসপোর্ট/NID নং ....
আমার ...., নামঃ......................., পাসপোর্ট/NID/আকামা নং ....
গত ...... বছর যাবত .... বৈধ/অবৈধ ভাবে বসবাসরত/কর্মরত ছিলেন।
যাওয়ার মাধ্যমঃ

কর্মরত কিনাঃ

কেন ফেরত আসতে চানঃ

যোগাযোগের ঠিকানা ও মোবাইল নম্বরঃ

প্রত্যাবাসন খরচ দিতে সমর্থ কিনাঃ

এমতাবস্থায়, আমার .... কে দেশে ফেরত আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে আপনার মর্জি হয়।

বিনীত নিবেদক,

স্বাক্ষর

নামঃ

মোবাইল নং-

তারিখঃ .../.../......
বরাবর,
মহাপরিচালক (কনস্যুলার এন্ড ওয়েলফেয়ার)
পররাষ্ট্র মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

বিষয়ঃ .... হতে মৃত দেহ প্রত্যাবাসনের জন্য আবেদন।

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমার নামঃ...................., পাসপোর্ট/NID নং .... আমার ...., নামঃ........................., পাসপোর্ট/NID/আকামা নং ...., পিতা/স্বামীর নামঃ...................., পাসপোর্ট/NID নং ....; গত ... বছর যাবত .... বৈধ/অবৈধ ভাবে বসবাসরত/কর্মরত ছিলেন। তিনি গত .../.../...... তারিখে মৃত্যুবরণ করেছেন।

মৃত্যুর কারণঃ

প্রত্যাবাসন খরচ দিতে সমর্থ কিনাঃ

লাশ কোন হাসপাতালে আছেঃ

যোগাযোগের ঠিকানা ও মোবাইল নম্বরঃ

লাশ গ্রহণের জন্য ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নামঃ

পাসপোর্ট/ NID নং-

মৃত ব্যক্তির সাথে সম্পর্কঃ

এমতাবস্থায়, আমার .... দেশে ফেরত আনার অনুমতি প্রদানে আপনার মর্জি হয়।

বিনীত নিবেদক,
স্বাক্ষর

নামঃ

তারিখঃ .../.../......

বরাবর,
মহাপরিচালক (কনস্যুলার এন্ড ওয়েলফেয়ার)
পররাষ্ট্র মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

বিষয়ঃ প্রবাসে অবস্থানরত গৃহকর্মী/পঞ্জুত্ববরণকারী / আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ .... এর ক্ষতিপূরণ আদায়ে সহায়তার জন্য আবেদন।

বিনীত নিবেদন এই যে, আমার নামঃ.................., পাসপোর্ট/NID নং .... আমার ...., নামঃ......................., পাসপোর্ট/NID/আকামা নং .... গত ... বছর যাবত .... বৈধ/অবৈধ ভাবে বসবাসরত/কর্মরত ছিলেন।

যাওয়ার মাধ্যমঃ

কোথায় কর্মরত ছিলেনঃ

আবেদনকারীর সাথে সম্পর্কঃ

যোগাযোগের ঠিকানা ও মোবাইল নম্বরঃ

এমতাবস্থায়, আমার .... প্রবাসে অবস্থানরত গৃহকর্মী/পঞ্জুত্ববরণকারী / আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ .... এর ক্ষতিপূরণ আদায়ে সহায়তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে আপনার মর্জি হয়।

বিনীত নিবেদক,

নামঃ

মোবাইল নং-

তারিখঃ .../.../......

বরাবর,
মহাপরিচালক (কনস্যুলার এন্ড ওয়েলফেয়ার)
পররাষ্ট্র মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

বিষয়ঃ প্রবাসে চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণকারী প্রবাসী কর্মী .... এর ক্ষতিপূরণ আদায়ে সহায়তার জন্য আবেদন।

বিনীত নিবেদন এই যে, আমার নামঃ..................., পাসপোর্ট/NID নং ....
আমার ...., নামঃ........................., পাসপোর্ট/NID/আকামা নং ....
গত ... বছর যাবত .... বৈধ/অবৈধ ভাবে বসবাসরত/কর্মরত ছিলেন।

যাওয়ার মাধ্যমঃ

কোথায় কর্মরত ছিলেনঃ

আবেদনকারীর সাথে সম্পর্কঃ

যোগাযোগের ঠিকানা ও মোবাইল নম্বরঃ

এমতাবস্থায়, আমার .... প্রবাসে চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণকারী প্রবাসী কর্মী .... এর ক্ষতিপূরণ আদায়ে সহায়তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে আপনার মর্জি হয়।

বিনীত নিবেদক,

নামঃ

মোবাইল নংঃ-